# রোহিঙ্গা সংকট সমাধানে তারেক রহমানের পাঁচ প্রস্তাব



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

দীর্ঘদিন ধরে চলা রোহিঙ্গা সংকটের অবসানে আন্তর্জাতিক সম্প্রদায়ের সামনে পাঁচটি প্রস্তাব তুলে ধরেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

বুধবার (২৩ সেপ্টেম্বর) যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরের কনফারেন্স রুমে রোহিঙ্গা সংকট নিয়ে আয়োজিত উচ্চপর্যায়ের বৈঠকে তিনি এসব প্রস্তাব দেন।

বৈঠকে প্রধানমন্ত্রী বলেন, রোহিঙ্গা সংকট নিয়ে শুধু সহমর্মিতা প্রকাশ করে থেমে থাকার সময় শেষ হয়েছে। সংকটের পেছনের কারণ চিহ্নিত করে সমাধানে যেতে হবে। একই সঙ্গে প্রতিশ্রুতির পাশাপাশি কার্যকর উদ্যোগ নেওয়া এবং বাস্তুচ্যুত মানুষের পরিস্থিতি সামাল দেওয়ার বদলে তাদের বাস্তুচ্যুতির স্থায়ী অবসানে কাজ করার আহ্বান জানান তিনি।

রোহিঙ্গা সংকট সমাধানে তারেক রহমানের পাঁচ প্রস্তাব হলো—

১. রোহিঙ্গাদের দ্রুত, নিরাপদ, স্বেচ্ছামূলক, মর্যাদাপূর্ণ ও টেকসই প্রত্যাবাসনের জন্য মিয়ানমারে একটি স্পষ্ট ও বিশ্বাসযোগ্য রোডম্যাপ তৈরি করা।

২. রোহিঙ্গাসহ সব বেসামরিক মানুষের ওপর সহিংসতা বন্ধ করে তাদের মৌলিক অধিকার ও নিরাপত্তা নিশ্চিত করা।

৩. রোহিঙ্গা এবং তাদের আশ্রয় দেওয়া স্থানীয় জনগোষ্ঠীর জন্য পর্যাপ্ত ও পূর্বানুমানযোগ্য মানবিক সহায়তা নিশ্চিত করা।

৪. বিচার ও জবাবদিহির ব্যবস্থা আরও শক্তিশালী করা।

৫. মাদকভিত্তিক অর্থনীতি, মানবপাচার, ডিজিটাল প্রতারণা, অবৈধ অস্ত্রসহ অন্যান্য আন্তসীমান্ত অপরাধ ঠেকাতে আঞ্চলিক ও আন্তর্জাতিক সহযোগিতা বাড়ানো।